# বোদা উপজেলা পরিষদের আগস্ট, ২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ ফারুক আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বোদা।

তারিখ : ১২ আগস্ট, ২০২১, সময় : সকাল ১০.০০ টা।
উপস্থিত সদস্যগণের নামের তালিকা নথিতে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোদাকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান নোভেল করোনা ভাইরাস এক ধরনের সংক্রামক ভাইরাস যা মানুষের সংস্পর্শে, হাচি,কাশির মাধ্যমে এক মানুষ হতে অন্য মানুষের মধ্যে ছড়ায়। তাই এই রোগ প্রতিরোধের ক্ষেত্রে সামাজিক দুরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে চলাসহ এরোগ প্রতিরোধে সজাগ থাকার জন্য সকলকে অনুরোধ জানান।

জুলাই, ২০২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়। পরে বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রশাসন :<br>ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার, বোদা সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসনসহ সমগ্র সমাজ ব্যবস্থা অধিকতর স্বচ্ছ, দায়বদ্ধ ও দুর্নীতিমুক্ত করা ও সকল স্তরের নৈতিক অবক্ষয় রোধ করে নৈতিক শিক্ষা বিস্তারের লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। ব্যক্তিগত, সামাজিক, পারিবারিক ও রাজনৈতিকসহ সর্বক্ষেত্রে শুদ্ধাচার চর্চা প্রয়োজন। প্রতিটি কর্মক্ষেত্রে/ইউপি তে শুদ্ধাচার চর্চা হওয়া দরকার। তিনি প্রথমে নিজ নিজ আচরণ শুদ্ধ করার পরামর্শ দেন। | ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয় এবং সমাজে জনসচেতনতামূলক সভা সমাবেশ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সর্বক্ষেত্রে শুদ্ধাচার অব্যাহত রাখার জন্য সবাইকে চেষ্টা করতে হবে । | সকল বিভাগীয় প্রধান<br>ও<br>সকল ইউ,পি চেয়ারম্যান |
| | খ) ইনোভেশন সার্কেল কার্যক্রম : উপজেলা নির্বাহী অফিসার, বোদা জানান যে, জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে ইনোভেশন সার্কেল গঠন করা হয়েছে। তিনি উল্লেখ করে সরকার উপর থেকে কোন আইডিয়া চাপিয়ে দিতে চান না নিম্ন স্তর থেকে দেয়া যে কোন আইডিয়া বা ইনোভেশন যদি গ্রহণযোগ্য বা ভাল মনে হয় সেটি গ্রহণ করে ওই আইডিয়াকে মডেল হিসেবে বিবেচনা করে তা সারা দেশে ছড়িয়ে দেয়া হবে। কাজেই স্ব স্ব বিভাগের জন্য সেবার মানোন্নয়ন ও সহজতর করার লক্ষ্যে নতুন নতুন আইডিয়াসহ প্রস্তাবনা দাখিল করার জন্য উপজেলার সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়। | খ) ইনোভেশন কার্যক্রম পরিচালনা ও কাজের গতিশীলতা, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি, নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন লক্ষ্যে উপজেলা পর্যায়ের বিভাগীয় প্রধান ও ইউ,পি চেয়ারম্যানগণসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণকে নতুন নতুন আইডিয়া প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়। প্রাপ্ত আইডিয়ার মধ্যে ভাল কোন আইডিয়া থাকলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় প্রধান |
| | গ) ওয়েবপোর্টাল কার্যক্রম : উপজেলা নির্বাহী অফিসার, বোদা সভায় জানান যে, জাতীয় উন্নয়নে ওয়েবপোর্টাল হালনাগাদ করা একটি গুরুত্বপূর্ণ কাজ। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত ডিজিটাল বাংলাদেশ রুপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে এটুআই প্রোগ্রামের আওতায় ইউনিয়ন থেকে শুরু করে মন্ত্রণালয় পর্যন্ত একই ফ্রেমওয়ার্কে নির্মিত ওয়েব পোর্টাল (জাতীয় তথ্য বাতায়ন) কার্যক্রম শুরু হয়েছে। তথ্য এবং সেবা প্রাপ্তির জন্য এ তথ্য বাতায়ন অপার সম্ভাবনার দ্বার উম্মোচন করেছে। ওয়েব পোর্টালে সঠিক তথ্য সন্নিবেশ করে ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য বিভাগীয় প্রধানসহ ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করা হয়। | গ) ওয়েবপোর্টাল সার্বক্ষণিক হালনাগাদ রাখতে হবে। ওয়েবপোর্টালে কোন ভুল বা অসংগতিপূর্ণ তথ্য থাকলে তা বাদ দিয়ে এবং নতুন তথ্য সংযোজন করে সব সময় ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য বিভাগীয় প্রধানসহ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও ইউ,পি সচিবগণ হালনাগাদ করবেন। | সকল বিভাগীয় প্রধান<br>ও<br>সকল ইউ,পি চেয়ারম্যান |
| | ঘ) পরিস্কার পরিচ্ছন্নতা : উপজেলা নির্বাহী অফিসার, বোদা সভায় জানান যে, সকল অফিস ভবন ও ইউপি অফিস ভবন বছরে ১বার রং বার্নিশ করা এবং অফিস চত্ত্বরে প্রতি মাসে অন্তত ২বার পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করা একান্ত প্রয়োজন। তিনি সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণকে যথাসাধ্য নিজ নিজ অফিস ভবন রং বার্নিশ করাতে এবং অফিস চত্ত্বরে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে অনুরোধ করেন। | ঘ) প্রতি মাসে অন্তত ২দিন নিজ নিজ অফিস চত্বর পরিস্কার-পরিচ্ছন্ন করার অভিযান পরিচালনা করার জন্য সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যান গণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল বিভাগীয় প্রধান<br>ও<br>ইউ,পি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ০২ | <u>বোদা পৌরসভাঃ</u> মেয়র, বোদা পৌরসভা, বোদা সভায় জানান তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | মেয়র, বোদা পৌরসভা, বোদা, পঞ্চগড়। |
| ০৩ | <u>স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ</u> : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন নোভেল করোনা ভাইরাস এক ধরনের সংক্রামক ভাইরাস। করোনা পরিস্থিতি নিয়ে বাংলাদেশের সংক্রমিত হার উঠা নামা করছে। বোদা উপজেলায় এ পর্যন্ত করোনা ভাইরাস পরীক্ষার জন্য ১,৬২৫ টি নমুনা পরীক্ষার জন্য গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত ৩৮০ জন সংক্রমিত সনাক্ত হয়েছে, সুস্থ্য হয়েছে ২৮৪ জন, ০৬ জন মারা গেছেন। কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করেছেন মোট ১৫,৫৩৪ জন। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। বাসা থেকে বাহির হলেই মাস্ক পড়তে হবে। সাবান দিয়ে ভাল ভাবে ঘন ঘন হাত ধুতে হবে। জরুরী প্রয়োজন ছাড়া বাসা থেকে বের হওয়া যাবে না। বিশেষ করে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ভিটামিন সি যুক্ত খাবার খেতে হবে। গর্ভবতী মহিলা, বয়স্ক মানুষ ও অসুস্থ্য ব্যক্তিদের খুবই সাবধানে থাকতে হবে। আমরা সবাই নিয়ম কানুন মেনে চলবো। অন্যদেরকে মেনে চলার সহযোগিতা করার অনুরোধ জানান।<br>সভাপতি জানান অফিস গেটে জুতা পড়া অবস্থায় ব্লিচিং পাউডার মিশ্রিত পানিতে জুতা ভিজিয়ে উঠতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যারা সেমপল দিচ্ছেন তাদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিতসহ সংশ্লিষ্ট ইউ পি চেয়ারম্যানগনকে অবগত করার অনুরোধ জানান। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হলো এবং সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>নিজ স্বাস্থ্য রক্ষায় সকলেই সচেতন হবেন এবং অন্যকে সচেতন করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা, পঞ্চগড় ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | <u>কৃষি বিভাগ</u> : উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, বোদা উপজেলায় ২৪,০০০ হেক্টর জমিতে আমন ধান লাগানো হয়েছে। আমন ধানের ফলন ভালো হলে প্রায় ৯০,০০০ হাজার মেট্রিক টন চাল উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে। তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা, পঞ্চগড় |
| ০৫ | <u>প্রাণিসম্পদ বিভাগ</u> : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বোদা সভায় নিম্লোক্ত তথ্য উপস্থাপন করেন (১) **চিকিৎসা সংক্রান্ত তথ্য** : গবাদিপশু-২,১০৯ টি, হাঁস মুরগী-৪,৭১০ টি মোট-৬,৮১৯ টিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। (২) **টিকাবীজ সংক্রান্ত তথ্য** : গবাদীপশু-১,৩২০ মাত্রা, হাঁস মুরগী-১৫,৫০০ মাত্রা, মোট ১৬,৮২০ মাত্রা। মোট টিকাবীজ থেকে ৬,৪৮০/- টাকা রাজস্ব আয় হয়েছে। **কৃত্রিম প্রজনন সংক্রান্ত তথ্য** : তরল সিমেন দ্বারা-৩৩৪ টি, হিমায়িত সিমেন দ্বারা ৫২৪ টি, কৃত্রিম প্রজনন থেকে ২১,৯৬০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় |
| ০৬ | **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য অফিসার, বোদা সভায় জানান যে, করতোয়া নদীর কয়েকটি মনি (গভীর পানির স্থান) মৎস্য অভয়াশ্রম করা হয়েছে। অভয়াশ্রমগুলিতে প্রচুর মাছ রয়েছে। কিন্তু মৎস্য অভয়াশ্রমের মাছ চুরি হয়ে যাচ্ছে। বিশেষ করে বোয়ালমারী অভয়াশ্রমের মাছ চুরি প্রতিরোধে এডিপি/উপজেলা পরিষদের তহবিল থেকে অভয়াশ্রমে বাঁশ-ঝাড় ফেলার প্রস্তাব করেন। | অভয়াশ্রমের মাছ চুরি রোধের জন্য অভয়াশ্রম সংশ্লিষ্ট কমিটিকে মাছ চুরি রোধে সক্রিয় করতে হবে। মাছ চুরির দায় দায়িত্ব সংশ্লিষ্ট অভয়াশ্রম কমিটির উপর বর্তাবে মর্মে সতর্ক করতে হবে। এ আড়াও অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা বোদা, পঞ্চগড়। |
| ০৭ | <u>থানা</u> : অফিসার ইনচার্জ, বোদা থানা সভায় জানান যে, বর্তমানে আইন শৃংখলা পরিস্থিতি ভাল। মাঝে মধ্যে গরু চুরি ছাড়া আর অন্য কোন চুরি দেখা যায় না। বর্তমানে অন্যান্য মামলার সংখ্যাও কমে গেছে। বেশীর ভাগ মামলা কোর্ট থেকে পাওয়া যায়। জুলাই, ২০২১ মাসে মোট ২৮ টি মামলা পাওয়া যায় তন্মধ্যে ০৩ টি ধর্ষন, ০১ টি অপহরণ, ০৬ টি নারী ও শিশু নির্যাতন, ০৫ টি মাদক, ০১ টি চুরি এবং ১২ টি অন্যান্য। গ্রাম পুলিশদের রাত্রী বেলায় রাস্তার পার্শ্বে এবং রাস্তার পার্শ্বের দোকানে থাকার জন্য ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ জানান। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | স্ব স্ব ইউনিয়নের গ্রাম পুলিশদের নিজ নিজ এলাকায় সন্ধ্যাকালীন রাস্তা সমূহে ঘোরা ফেরা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | অফিসার ইন চার্জ, বোদা থানা, সকল ইউ পি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল বোদা, পঞ্চগড় |
| ০৮ | <u>উপজেলা প্রকৌশলী</u> : উপজেলা প্রকৌশলী বোদা সভায় জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, বোদা, পঞ্চগড়। |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোদা সভায় জানান যে, ২০২১ শিক্ষাবর্ষে করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম করোনা বাইরাসের কারণে স্থগিত রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ শিক্ষা প্রতিষ্ঠানে আসবেন। ছাত্র-ছাত্রীদের হোম ভিজিট করবেন। সকল শিক্ষককে বাধ্যতামুলকভাবে কোভিড-১৯ টিকা দেওয়ার জন্য অনুরোধ জানান। উপবৃত্তি এবং অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়। |
| ১০ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার, বোদা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম করোনা বাইরাসের কারণে স্থগিত রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়। |
| ১১ | খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোদা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোদা, পঞ্চগড় |
| ১২ | **সমাজ সেবা বিভাগ :** উপজেলা সমাজ সেবা অফিসার, বোদা সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৩ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, ক-শ্রেণির পরিবার পুনর্বাসন ও গৃহ নির্মাণের জন্য ৪র্থ ধাপে ০৭টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। এর মধ্যে কার্যক্রম শুরু করা হয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক ক-শ্রেণির পরিবার পুনর্বাসন ও গৃহ নির্মাণের সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৪ | **জনস্বাস্থ্য বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বোদা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । |
| ১৫ | **নির্বাচন বিভাগ :** উপজেলা নির্বাচন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বোদা, পঞ্চগড় |
| ১৬ | **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ছিল ৫৮,৪৯৯ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে পুরুষ ০০ জন, নারী ০৫ জন, আইইউডি গ্রহণ করেছে ৬ জন, ইমপ্ল্যান্ট গ্রহণ করেছে ১২ জন, ইনজেকটেবল গ্রহণ করেছে ১০০ জন, খাবার বড়ি গ্রহণ করেছে ২৩৮ জন, কনডম ব্যবহার করেছে ২৯ জন। সর্বমোট গ্রহণকারী সংখ্যা ৪৭,৯৯০ জন। গ্রহণকারীর হার ৮২.০৪%। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৭ | **যুব উন্নয়ন বিভাগঃ** যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৮ | **হিসাব রক্ষণ অফিস :** উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোদা তাঁর অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৯ | **মহিলা বিষয়ক বিভাগ :** মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা তাঁর অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ২০ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ২১ | **পরিসংখ্যান বিষয়ক বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |

| | | | |
|---|---|---|---|
| ২২ | **বন বিভাগ ঃ** উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় । |
| ২৩ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নিতিমালা মোতাবেক ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ২৪ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ** সহকারী প্রকৌশলী, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোদা। |
| ২৫ | **আনসার ভিডিপি বিভাগঃ** আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |

২৬। ১৫/০৭/২১ থেকে ১১/০৮/২০২১ পর্যন্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সম্মানী, বাড়িভাড়া, ভ্রমণ ভাতা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ও ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে এবং পরিষদ কর্মচারিদের মজুরী, আপ্যায়ন ও আনুষঙ্গিকসহ বিভিন্ন অফিস/বাসা মেরামতের নিম্নোক্ত ব্যয়সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| | | |
|---|---|---|
| ০১ | মোঃ ফারুক আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা জুলাই/২১ মাসের সম্মানী ভাতা বিল | ৪৫,০০০/- |
| ০২ | মোঃ মকলেছার রহমান জিল্লু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদার জুলাই/২১ মাসের সম্মানী ভাতা বিল | ২৭,০০০/- |
| ০৩ | লক্ষী রানী বর্মন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদার জুলাই/২১ মাসের সম্মানী ভাতা বিল | ২৭,০০০/- |
| ০৪ | মোঃ শাহিরুল ইসলাম, পিতাঃ মোঃ সফিজুল ইসলাম, গ্রামঃ চছপাড়া, নতুনহাট, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৫,০০০/- |
| ০৫ | মোছাঃ মোমেনা বেগম, স্বামীঃ কছিম উদ্দীন, গ্রামঃ চছপাড়া, নতুনহাট, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৭,০০০/- |
| ০৬ | মোঃ সাবিরুল ইসলাম, পিতাঃ মৃত-দেবারু মোহাম্মদ, গ্রামঃ চছপাড়া, নতুনহাট, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৭,০০০/- |
| ০৭ | মোঃ হারুন ইসলাম, পিতাঃ মৃত-দেবারু মোহাম্মদ, গ্রামঃ চছপাড়া, নতুনহাট, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৫,০০০/- |
| ০৮ | মোছাঃ আয়শা সিদ্দিকা, স্বামীঃ মৃত-শুকুরু মোহাম্মদ, গ্রামঃ মহাজনপাড়া, ময়দানদিঘী, বোদা প্রাকৃতিক দুর্যোগে ঘরবাড়ি ক্ষতিগ্রস্থ হওয়ায় অপ্রত্যাশিত খাত হতে প্রদান | ৫,০০০/- |
| ০৯ | মোঃ সুজন আলী, মালী, উপজেলা পরিষদ, বোদার জুলাই/২১ মাসের মুজুরী | ১৫,৪০০/- |
| ১০ | মোঃ আব্দুল মমিন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদ, বোদার জুলাই/২১ মাসের মুজুরী | ১৫,৪০০/- |
| ১১ | আবুল কাশেম আজাদ, সিএ-কাম-ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোদা, পঞ্চগড় উপজেলা পরিষদ অফিসের কম্পিউটার প্রিন্টারের ২ টি টোনার ক্রয় বাবদ বিল | ৪,২৫৫/- |
| ১২ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ৭.৫% ভ্যাট কর্তন | ৩৪৫/- |
| ১৩ | আবুল কাশেম আজাদ, সিএ-কাম-ইউডিএ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোদা, পঞ্চগড় উপজেলা পরিষদ অফিসের ফটোকপি মেশিনের ২ টি কালির টোনার ক্রয় বাবদ বিল | ১৪,৮০০/- |
| ১৪ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ৭.৫% ভ্যাট কর্তন | ১,২০০/- |
| ১৫ | প্রহল্লাদ রায়, দেবত্তর পাড়া, চন্দনবাড়ী, বোদা জুলাই/২১ মাসের রাত্রীকালিন উপজেলা পরিষদের অফিস চত্বর পাহারা দেওয়ার জন্য ভাতা সরুপ প্রদান | ৮,৪০০/- |
| ১৬ | মোঃ মঞ্জুরুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, বোদা জুলাই/২১ মাসের মহিলা ভাইস চেয়ারম্যানের সভাপতিত্বে ০৮ টি স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ বিল প্রদান | ৭,৪০০/- |
| ১৭ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ৭.৫% ভ্যাট কর্তন | ৬০০/- |
| ১৮ | মোঃ খয়রুল আলম, রং মিস্ত্রি, বোদা, উপজেলা পরিষদ অফিস চত্ত্বরের ডরমিটরির রুম ও বারান্দা রং করণ কাজের বিল প্রদান | ২২,৪৯১/- |
| ১৯ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৪৯৯/- |
| ২০ | মোঃ খয়রুল আলম, রং মিস্ত্রি, বোদা, উপজেলা পরিষদ অফিস চত্ত্বরের ডরমিটরির রুম ও বারান্দা রং করণ কাজের বিল প্রদান | ২২,৪৯১/- |
| ২১ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৪৯৯/- |
| ২২ | মোঃ রুস্তম আলী, পাম্প মিস্ত্রি, বোদা উপজেলা পরিষদ অফিসের অডিটোরিয়ামের পানির পাম্প ও পানির লাইনের মালামাল ক্রয় এবং মুজুরীসহ বিল প্রদান | ২২,৪৬৪/- |
| ২৩ | সোনালী ব্যাংক, বোদা শাখা, বোদা ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৪৯৬/- |

**সিদ্ধান্ত :** আলোচনান্তে রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধিত উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভাপতি সকল অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন এবং গতিশীল করার লক্ষ্যে প্রতিটি বিভাগের প্রধানকে অনুরোধ জানান। সভায় আর আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ফারুক আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়

উপজেলা পরিষদ কার্যালয়
বোদা, পঞ্চগড়।

স্মারক নং ঃ ০৫.৪৭.৭৭২৫.০০০.০৬.০২০.২১-৪৪২/সি

তারিখ ঃ ২৮ শ্রাবণ, ১৪২৮
১২ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। মোঃ নুরুল ইসলাম সুজন, মাননীয় রেলমন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। জেলা প্রশাসক, পঞ্চগড়।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
৬। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), বোদা, পঞ্চগড়।
৭। চেয়ারম্যান...........................................ইউপি (সকল), বোদা, পঞ্চগড়।
৮। জনাব/বেগম ............................................................ বোদা, পঞ্চগড়।

মোঃ সোলেমান আলী
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়।
০৫৬৫-৩৫৬১১২
email- unoboda@mopa.gov.bd